সাইটার‍্যাবাইন

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

2য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে এই প্রচারপত্র পড়তে হবে।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল
ফর চিলড্রেন **NHS** ট্রাস্ট

সাইটার‍্যাবাইন (Cytarabine) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভূক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

সাইটার‍্যাবাইন কি?
সাইটার‍্যাবাইন এক ধরনের ড্রাগ (মাদকদ্রব্য) যা কোন কোন ক্যানসার ও লূকীমিয়ার চিকিৎসার জন্যে ব্যবহার করা হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?
সাধারণত: তিনটি পদ্ধতির মধ্যে একটি পদ্ধতি ব্যবহার করে সাইটার‍্যাবাইন দেওয়া হয়ে থাকে। সেগুলো হলো:

- কোন কেনিউলা, কেন্দ্রীয় ভেনাস কেথেটার, ইমপ্ল্যান্টেবল পোর্ট অথবা PICC লাইনের মাধ্যমে ভেইন বা শিরাতে (ইনট্রাভেনাসলি অথবা IV) ধীরগতির ইনজেকশন অথবা ইনফিউশন দ্বারা।
- ত্বকের নীচে (সাবকিউটেনাসলী অথবা 'SC') ইনজেকশন দ্বারা।

বাচ্চাদের জন্যে ত্বকের নীচে ইনজেকশন দেওয়া প্রায়শ:ই বেশ যন্ত্রণাপূর্ণ হতে পারে। ইনজেকশন সামলিয়ে উঠার জন্যে বেশ কয়েকটি উপায় রয়েছে। কোন নার্স অথবা প্লে স্পেশালিস্টের সঙ্গে অনুগ্রহ করে এ বিষয়ে আলাপ করুন।

● পেছনের নিচের হাঁড়গুলোর মধ্যে কোন একটি স্থানে সুচ ঢোকানোর ইনজেকশন দ্বারা। সেটা লাম্বার পাঙ্কচার নামে পরিচিত। এই উপায়ে যখন ড্রাগ (মাদকদ্রব্য) দেওয়া হয় তখন ইনট্রাথিকেলী দেওয়া হয়েছে বলে ধরে নেওয়া হবে।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?
ইন-পেশেন্ট হিসেবে আপনার বাচ্চাকে যখন উচ্চমানের সাইটার‍্যাবাইনের ডৌস বা মাত্রা দেওয়া হয় তখন নীচে উল্লেখিত তালিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো অধিকাংশ ক্ষেত্রে দেখা যায়। আউট-পেশেন্ট হিসেবে যদি আপনার বাচ্চা সাইটার‍্যাবাইনের কম ডৌস পেতে থাকে তাহলে তার পার্শ্ব প্রতিক্রিয়ার পরিমাণ কম হওয়ার সম্ভাবনা রয়েছে।

বিতৃষ্ণাবোধ ও বমি: এই লক্ষণসমূহ হ্রাস অথবা বন্ধ করার জন্যে অসুস্থতা-বিরোধী ঔষধ দেওয়া যেতে পারে। আপনার বাচ্চার অসুস্থতা যদি নিয়ন্ত্রণ না হয় অথবা অটল থাকে তাহলে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন।

ফ্লুর-মতো লক্ষণ: ড্রাগ দেওয়ার ছয় থেকে বারো ঘন্টার পর এই অবস্থা ঘটার সম্ভাবনা থাকে। মাথাব্যথা ও ক্লান্ত, গ্রন্থি এবং মাংসপেশীতে যন্ত্রণা, উচ্চমাত্রার তাপ ও ঠান্ডা অনুভব আপনার বাচ্চা করতে পারে। আপনার বাচ্চা যদি নিউট্রোপেনিক না হয়ে থাকে তাহলে এইসব লক্ষণ থেকে আপনার উপশম পাওয়ার জন্যে প্যারাসিট্যামল দিতে পারেন।

বৌন্ ম্যারৌ দমন: আপনার বাচ্চার বৌন্ ম্যারৌ যতো ভালো কাজ করুক সেটা সাময়িকভাবে কিছুটা হ্রাস পেতে পারে। এর মানে এটাই হয় যে, স্বাভাবিকের চাইতে আরো সহজে সে এনাইমিক, ব্রুস অথবা ব্লিড বা রক্তপাত করতে পারে এবং ইনফেকশন বা সংক্রমণে তার উচ্চপর্যায়ের ঝুঁকি থাকবে। বৌন ম্যারৌ কিভাবে কাজকর্ম করছে সেটা পরীক্ষা করার জন্যে নিয়মিত আপনার বাচ্চার ব্লাড্ কাউন্ট যাচাই করা হবে। যদি আপনার বাচ্চা অস্বাভাবিকভাবে ক্লান্ত, ব্রুজিং অথবা ব্লিডিং বা রক্তপাত হতে দেখা যায়, অথবা ইনফেকশনের কোন লক্ষণ থাকে, বিশেষভাবে উচ্চ তাপমাত্রা থাকতে দেখা যায় তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন।

কনজাঙ্কটিভাইটিস (নেত্রবর্ত্মকলার প্রদাহ):
উচ্চমাত্রার ডৌস যখন দেওয়া হয় তখন এ অবস্থা হয়তো ঘটতে পারে। এটা বন্ধ করার জন্যে আইড্রপ দেওয়া যেতে পারে।

প্রয়োজনীয় নম্বর:

এলিপান্ট ডে কেয়ার	**020 7829 8833**
ফক্স ওয়ার্ড	**020 7829 8820**
জিরাফ ওয়ার্ড	**020 7829 8821**
লাইয়ন ওয়ার্ড	**020 7829 8810**
রবীন ওয়ার্ড	**020 7829 8811**

যন্ত্রণাপূর্ণ মুখ ও সপুয ক্ষত (আলসার্স): মাউথকেয়ার (মুখের সেবাযত্ন)-এর প্রচারপত্রের কপিসহ আপনাকে মাউথকেয়ার সম্পর্কে যথাযথ পরামর্শ দেওয়া হবে। আপনার বাচ্চার যদি যন্ত্রণাপূর্ণ মুখ বা স্যর মাউথ-এর অভিযোগ করে তাহলে আপনার ডাক্তার বা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে দিন।

ডাইঅ্যারিইঅ্যা (পেটের অসুখ): আপনার বাচ্চার যদি কোন যন্ত্রণাপূর্ণ মুখ থাকে তাহলে অধিকাংশই সময়ই তাদের অন্ত্র যন্ত্রণা বা স্যর গাটও হতে পারে। পেটের যন্ত্রণা এবং পেট স্ফীত হওয়া ছাড়াও পেটের অসুখ (উদরাময়)-এর কারণ এ জন্যে হতে পারে। আপনার বাচ্চার যদি এমন কোন লক্ষণ থাকে যা নিয়ন্ত্রণ না হয় অথবা অটল রয়েছে বলে মনে হয় তাহলে আপনার ডাক্তার বা নার্সকে বলুন। আপনার বাচ্চার অনেক পানীয় পান (ড্রিঙ্ক) করা গুরুত্বপূর্ণ।

ত্বকের ফুসকুড়ি: আপনার বাচ্চার যদি কোন ফুসকুড়ি (র‍্যাস্) হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার বা নার্সকে বলুন। আপনার বাচ্চার যথাযথ চিকিৎসার ব্যাপারে তারা আপনাকে পরামর্শ দিতে পারবে।

অস্বাভাবিক তন্দ্রাচ্ছন্ন অবস্থা, ঘুমন্তাবস্থা, মাথা ঝিম ঝিম এবং ভারসাম্য হারানো: এই অবস্থা কদাচিৎ হয়ে থাকে এবং উচ্চমাত্রার ডৌসের কারণেই শুধুমাত্র তা হতে পারে। আপনি যদি এইসব প্রভাব লক্ষ্য করে থাকেন তাহলে এগুলোর ব্যাপারে আপনার ডাক্তারকে তৎক্ষণাৎ জানিয়ে দেওয়া খুবই গুরুত্বপূর্ণ।

চুল পড়া: আপনার বাচ্চার কিছু পরিমাণ অথবা সমস্ত চুলই তার পড়ে যেতে পাবে অথবা চুল পাতলা হয়ে যেতে পারে। সেটা সাময়িক ও চিকিৎসা শেষ হওয়া পর আবার তার চুল জন্মাতে শুরু করবে।

@ GOSH ট্রাস্ট নভেম্বর 2004
সূত্র: 2004F246
চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপের সহযোগিতায় ফার্মাসী ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট
Great Ormond Street
London WC1N 3JH

ওয়েবসাইট: www.goshfamilies.nhs.uk www.childrenfirst.nhs.uk